গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.tmed.gov.bd

# এমপিও শিটে মুদ্রিত জন্মতারিখ পরিবর্তন/সংশোধন নীতিমালা-২০২৬

**ভূমিকাঃ** ইহা লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষক কর্মচারীদের এমপিও শিটে জন্ম তারিখ ভুল এন্ট্রি হওয়ার বিষয়ে সংশোধনের জন্য উল্লেখযোগ্য সংখ্যক আবেদন পাওয়া যাচ্ছে। অধিকাংশ ভুল এন্ট্রিই বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠার পূর্বে মাউশি অধিদপ্তরের রেকর্ড হতে প্রাপ্ত। তাছাড়াও অনলাইনে এমপিও এর আবেদন করার সময় কেউ কেউ জন্ম তারিখ, নামের বানান ভুল এন্ট্রি দিয়ে থাকে। জন্মতারিখ ভুল এন্ট্রি সংশোধনের কোন বিধান বিদ্যামান এমপিও নীতিমালায় অন্তর্ভুক্ত নেই। ফলে, ঐ ভুল এন্ট্রি সংশোধনের বিষয়গুলি নিষ্পত্তি করা যাচ্ছেনা। এসব জটিলতা নিরসন কল্পে  এমপিও শিটে সঠিক জন্মতারিখ এন্ট্রির কার্যক্রম গ্রহণ করা সমীচীন।

১) আবেদনের প্রেক্ষিতে প্রথম এমপিও আবেদনের সময় দাখিলকৃত দাখিল/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে আলিম) পরীক্ষার সনদ ও জাতীয় পরিচয়পত্রে উল্লিখিত জন্মতারিখ অনুযায়ী এমপিও শিটে জন্মতারিখ সংশোধন করা যাবে।

২) চাকুরির আবেদনের সময় কোন প্রার্থীর দাখিল বা সমমানের সনদ দাখিল করা থাকলে উক্ত সনদে উল্লেখিত জন্ম তারিখকে ভিত্তি হিসাবে গণ্য করা হবে।

৩) যেসব কর্মচারী দাখিল বা সমমানের চেয়ে কম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন তাদের বয়স সংশোধন করা যাবে না।

৪) জন্ম তারিখ সংশোধনের আবেদন শুধুমাত্র এমপিও শিটে করণিক ভুল এন্ট্রি সংশোধনের আবেদন হিসাবে বিবেচিত হবে।

৫) আবেদনকারীকে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর সঠিক জন্মতারিখ প্রতিস্থাপনের জন্য সরাসরি অথবা অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের সাথে এমপিও কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, দাখিল/দাখিল বা সমমান পরীক্ষার সনদ, নিয়োগপত্র, যোগদানপত্রসহ এমপিও নীতিমালার (২০১৮) এ উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।

৬) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উক্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করার জন্য প্রয়োজনে কমিটি গঠন করে কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

৭) গঠিত কমিটি আবেদনকারীর সনদ এবং অন্য কোন প্রমাণক প্রয়োজনবোধে যে কোন বোর্ড বা আইনগত রাষ্ট্রীয় কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই-বাছাই করতে পারবে । যাচাই-বাছাই শেষে কমিটি মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর সুপারিশ পেশ করবে। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। আবেদন নিষ্পত্তির (মঞ্জুর/ নামঞ্জুর) ৭ দিনের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক আবেদনকারীকে জানাতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সঠিক জন্মতারিখ প্রতিস্থাপনের আবেদনের বিষয়ে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর দিক নির্দেশনা গ্রহণ করবেন ।

৮) নতুন শিক্ষক-কর্মচারীগণের ক্ষেত্রে প্রথম এমপিও প্রাপ্তির পর এমপিও শিটে জন্মতারিখ সম্পর্কিত ভুলভ্রান্তি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশোধনের জন্য আবেদন করতে হবে।

চলমান পাতা-০২

৯) কোন শিক্ষক বা কর্মচারীকে অবসর গমণের কমপক্ষে এক বছর পূর্বে সঠিক জন্মতারিখ অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে হবে।

১০) সঠিক জন্মতারিখ প্রতিস্থাপনের আবেদন নিষ্পত্তি হলে যদি কোন শিক্ষক বা কর্মচারীর চাকরি কাল বৃদ্ধি পায়, তিনি কোন বকেয়া দাবি করতে পারবেন না। এ সংক্রান্ত (৩০০/-) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা আবেদনের সাথে জমা দিতে হবে।

১১) সঠিক জন্মতারিখ প্রতিস্থাপনের আবেদনের বিষয়ে ভুল তথ্য দাখিল, একই আবেদনের পুনরাবৃত্তি অথবা ইচ্ছাকৃতভাবে অধিদপ্তরের কার্যপরিবেশ ভারাক্রান্ত করার অভিপ্রায়ে কোন শিক্ষক বা কর্মচারী জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২) কোন আবেদন নামঞ্জুর হলে নামঞ্জুরের তারিখ হতে দুই মাসের মধ্যে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর আপিল করা যাবে।

| ক্রমিক | আবেদনে ভুলের ধরণ/প্রকৃতি | মন্তব্য/করণীয় |
|---|---|---|
| ০১. | জন্মতারিখ ভুল এন্ট্রি যা অযৌক্তিক বা অস্বাভাবিক প্রতীয়মান হয় এমন আবেদন। | এই নীতিমালা জারির পূর্বের নিয়োগের ক্ষেত্রে চাকুরিতে যোগদানের তারিখে বয়স কমপক্ষে ১৮ (আঠারো) বছর বিবেচনায় এমপিও শীটে জন্মতারিখ সংশোধনের আবেদন বিবেচনা করা যাবে। এই ক্ষেত্রে ১৮ (আঠারো) বছর বয়স পূর্তির তারিখ ও এসএসসি/দাখিল/সমমান সনদ অর্জনের তারিখের মধ্যে যেটি আগের তারিখ বুঝাবে সেটিকে ভিত্তি হিসাবে গ্রহণ করা হবে। |
| ০২ | এসএসসি/দাখিল এর সনদ ও এনআইডিতে জন্মতারিখ ভিন্ন ভিন্ন | এসএসসি/দাখিল/সমমান সনদকে ভিত্তি ধরে সংশোধন করা যাবে। |
| ০৩ | তারিখ ও সন একটির স্থলে অন্যটি ছাপা হয়েছে এমন আবেদন। | এসএসসি/দাখিল/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে আলিম) সনদ ও এনআইডি একই থাকলে সংশোধন করা যাবে। |
| ০৪ | প্রথম এমপিও শিটে জন্মতারিখ সঠিক কিন্তু পরবর্তী এমপিও শিটে ভুল আছে এমন আবেদন। | প্রথম এমপিও শিট ও এসএসসি/দাখিল/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে আলিম) সনদে জন্মতারিখ একই থাকলে সংশোধন করা যাবে। |
| ০৫ | স্পষ্ট করণিক ভুল হিসাবে প্রতীয়মান হয় এমন আবেদন। | এসএসসি/দাখিল/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে আলিম) সনদ ও এনআইডি একই থাকলে সংশোধন করা যাবে। |

স্বাক্ষরিত/-

০৭-০৪-২০২৬

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

চলমান পাতা-০৩

নং- ৫৭.০০.০০০০.০০০.০৫৫.২২.০০২.২৬ -৪১/০১

তারিখ : ২৭ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউবেইলি রোড, ঢাকা।
৫. যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..........(সকল)।
১০. অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. অফিস কপি।

12/04/2026

মো: রাহাত মান্নান
উপসচিব
ফোন : ০২-৫৫১০১১২৭
dsmad@tmed.gov.bd